
*Remembering Forever*



**Sheikh Akij Uddin** (1929-2006)
Founder Chairman of Ad-din



**Prof. Sarif Hossain** (1934-2007)
Initiator of Ad-din



**Md. Rashed Ali Chaklader** (1942-2015)
Ex-Chairman of Ad-din WC (2012-15)


আদ্-দ্বীন ফাউন্ডেশন

২ বড় মগবাজার, ঢাকা-১২১৭, ফোন : ০২৪৮৩১৮৪৮
পিএবিএক্স : ০২২২২২২৩৩৪১, ০২২২২২২৩৩৯২
০২২২২২২৩৩৯৩, ০৯৬১২৩৪৫৬৬৬
ফ্যাক্স : ৮৩১৭৩০৬, e-mail : info@ad-din.org
Website : www.ad-din.org


# প্রস্তাবিকা

## শিক্ষাবর্ষ: ২০২৫-২৬

- বেসিক বিএসসি ইন নার্সিং কোর্স



# সূচীপত্র


নির্বাহী পরিচালকের কথা ---------- ০২

শুরুর কথা ---------- ০৩

উদ্দেশ্য ---------- ০৫

ভর্তি সংক্রান্ত তথ্যাদি ---------- ০৬

নীতিমালা ও আচরণবিধি ---------- ১৭

যোগাযোগ ---------- ১৯




# নির্বাহী পরিচালকের কথা



স্বাস্থ্যসেবা উন্নয়ন আন্দোলনে আদ্-দ্বীন ১৯৮০ সাল থেকে এ দেশে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বিশেষ করে সমাজের সুবিধা বঞ্চিত মানুষের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দেয়া আদ্-দ্বীনের অন্যতম ব্রত।

স্বাস্থ্যসেবায় নিবেদিত হবে এমন পেশাগত জনশক্তি তৈরি করতে আদ্-দ্বীন ফাউন্ডেশন যশোরে আদ্-দ্বীন নার্সিং ইনস্টিটিউট, আদ্-দ্বীন উইমেন্স ইনস্টিটিউট অব হেলথ্ টেকনোলজি, আদ্-দ্বীন সকিনা মেডিকেল কলেজ, খুলনায় আদ্-দ্বীন আকিজ মেডিকেল কলেজ, কুষ্টিয়ায় সাফিনা নার্সিং ইনস্টিটিউট, ঢাকায় আদ্-দ্বীন উইমেন্স মেডিকেল কলেজ, ফাতেমা নার্সিং কলেজ এবং দক্ষিণ কেরাণীগঞ্জে বসুন্ধরা আদ্-দ্বীন মেডিকেল কলেজ এবং বসুন্ধরা আদ্-দ্বীন নার্সিং ইন্সটিটিউট চালু করেছে।

এ সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানে আধুনিক শিক্ষার সকল ধরনের সুযোগ সুবিধা এবং গুণগতমান বজায় রেখে স্বল্প খরচে এবং ক্ষেত্র বিশেষে বিনা খরচে শিক্ষা গ্রহণের ব্যবস্থা রাখা হয়েছে। এ ক্ষেত্রে নার্সিং ইনস্টিটিউটসমূহকে সবচেয়ে বেশী অগ্রাধিকার দেওয়া হয়েছে। নার্সিং পেশাকে গ্রহণযোগ্য, শক্তিশালী, মর্যাদাশীল এবং সম্মানজনক পেশা হিসেবে স্থান করে দিতে নার্সদের দক্ষতার পাশাপাশি মননশীল আচরণের মাধ্যমে নার্সিং পেশার মূল্যবোধের প্রতিফলন ঘটাতে আমরা কাজ করে যাচ্ছি। নার্সদের সম্পর্কে প্রচলিত বিভিন্ন ধারণা আমরা পরিবর্তন করতে চাই। এজন্য আদ্-দ্বীন পরিচালিত নার্সিং ইনস্টিটিউটসমূহে/ইউনিটে অধ্যয়নরত ছাত্রীদের পেশাগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির পাশাপাশি যুগোপযোগী কারিগরি ও ভাষা শিক্ষায় শিক্ষিত করা হচ্ছে যাতে করে তারা সেবা গ্রহণকারীর চাহিদা এবং উদ্ভূত সমস্যা সহজে সমাধান করতে পারে।

নার্সিং পেশার মর্যাদা বাড়াতে এ পেশার সাথে সংযুক্ত ব্যক্তিবৃন্দ এবং প্রতিষ্ঠানসমূহের এগিয়ে আসা প্রয়োজন। এ ক্ষেত্রে আদ্-দ্বীনের সহযোগিতা অব্যাহত থাকবে ইনশা-আল্লাহ্।

এই পেশার সাথে জড়িত সকলকে অব্যাহতভাবে মানবসেবায় অনন্য অবদান রাখার জন্য আন্তরিক শুভেচ্ছা এবং সাধুবাদ জানাই।

ডাঃ শেখ মহিউদ্দিন  
নির্বাহী পরিচালক  
আদ্-দ্বীন ফাউন্ডেশন

# শুরুর কথা




সেবা পেশাকে উৎসাহিত, গ্রহণযোগ্য ও কার্যকরী করার জন্য স্বল্প পরিসরে ১৯৯৭ সালের ৬ আগস্ট যশোর আদ্-দ্বীন হাসপাতালের পাশেই গড়ে উঠে আদ্-দ্বীন নার্সিং ইনস্টিটিউট। পরবর্তীকালে কুষ্টিয়া ও ঢাকাতে পৃথক আরো দু'টি নার্সিং ইনস্টিটিউটের কার্যক্রম শুরু হয়। ২০০৪ সালের ৩১ ডিসেম্বর কুষ্টিয়া আদ্-দ্বীন হাসপাতাল ক্যাম্পাসে সাফিনা নার্সিং ইনস্টিটিউট নামে আনুষ্ঠানিক উদ্বোধন এবং ২০০৫ সালের সেপ্টেম্বর মাসে উক্ত ইনস্টিটিউটের শিক্ষা কার্যক্রম শুরু হয়। ২০০৬ সালে ঢাকাতে আদ্-দ্বীন হাসপাতালের সাথে সংযুক্ত ফাতেমা নার্সিং ইনস্টিটিউটের শিক্ষা কার্যক্রম শুরু হয়। এছাড়া ২০২১ সালে ঢাকার দক্ষিণ কেরাণীগঞ্জে বসুন্ধরা আদ্-দ্বীন নার্সিং ইনস্টিটিউটের কার্যক্রম চালু হয়।

আদ্-দ্বীন উইমেন্স মেডিকেল কলেজের নার্সিং ইউনিট ঢাকায় ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ থেকে বেসিক বিএসসি কোর্সে ভর্তি কার্যক্রম শুরু হয়। বর্তমানে সর্বমোট ভর্তিকৃত ছাত্রী ৩৮৪ জন এবং পাশকৃত ছাত্রীর সংখ্যা ১৭৭ জন।
(এছাড়া ২০১৬-২০১৭ থেকে ২০২২-২০২৩ সেশন পর্যন্ত পোস্ট বেসিক কোর্সে সর্বমোট ১৭২ জন শিক্ষার্থী পাশ করে।)



আদ্-দ্বীন ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত আদ্-দ্বীন উইমেন্স মেডিকেল কলেজের নার্সিং ইউনিট, ঢাকায় বেসিক বিএসসি ইন নার্সিং সাইন্স কোর্স গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নার্সিং শাখা) কর্তৃক ২০১৫ সালে অনুমোদনপ্রাপ্ত (স্মারক নং-৪৫.১৫৮.১১০.০০.০০.০২৯.২০১৫-৪৫৪ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত স্মারক নং ২৮২৭/ক.প.)।

*আদ্-দ্বীন ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত আদ্-দ্বীন উইমেন্স মেডিকেল কলেজের নার্সিং ইউনিট থেকে পাশকৃত নার্সগণ সরকারী নার্সিং কলেজ থেকে পাশ করা নার্সদের মতোই সমমর্যাদা সম্পন্ন হবেন, এমনকি সরকারী এবং বিদেশে চাকরির ক্ষেত্রে একই সুবিধা পাবেন।*

# উদ্দেশ্য



- আদ্-দ্বীন ফাউন্ডেশন পরিচালিত নার্সিং ইউনিটকে আদর্শ সেবা প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে গড়ে তোলা।

- শিক্ষার্থীগণ যাতে পরিপূর্ণভাবে কারিগরি এবং মানবিক জ্ঞান ও দক্ষতা অর্জন করতে পারে তার জন্য সেবা শিক্ষা সংক্রান্ত কারিগরি, তত্ত্বীয় ও ব্যবহারিক শিক্ষার অত্যাধুনিক সুযোগ সুবিধা সৃষ্টি করা এবং তা কার্যকর করা।

- এমন সেবিকা তৈরি করা যাদের শিক্ষার ভিত্তি হবে মজবুত এবং তারা পেশাগতভাবে হবে দক্ষ ও নীতিবান, ইতিবাচক নেতৃত্বদানে সক্ষম, রোগীর প্রতি সহানুভূতিশীল, রোগীর সেবাদানে নিবেদিত এবং সুবিধাবঞ্চিত রোগীদের চাহিদা পূরণে বিশেষ যত্নবান।

# ভর্তি সংক্রান্ত তথ্যাদি



আদ্-দ্বীন ফাউন্ডেশন পরিচালিত আদ্-দ্বীন উইমেন্স মেডিকেল কলেজের নার্সিং ইউনিট ঢাকায় ৪ বছর মেয়াদী বেসিক বিএসসি ইন নার্সিং সাইন্স কোর্সে নিম্নলিখিত যোগ্যতা ও শর্ত সাপেক্ষে ছাত্রী ভর্তি করা হবে।

## প্রাথমিক যোগ্যতা

- প্রার্থীকে অবশ্যই মহিলা, অবিবাহিতা এবং বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- শারীরিক ও মানসিক দিক থেকে সুস্থ হতে হবে।
- শারীরিক উচ্চতা ন্যূনতম ৪ ফুট ১১ ইঞ্চি হতে হবে।

## শিক্ষাগত যোগ্যতা

১. বিজ্ঞান বিভাগ থেকে এসএসসি ও এইচএসসি/সমমান পাশ হতে হবে।

২. বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারী কাউন্সিল কর্তৃক গৃহীত অভিন্ন ভর্তি পরীক্ষায় ন্যূনতম নম্বর প্রাপ্ত ভর্তিচ্ছুক প্রার্থীরা আবেদন করতে পারবে।

# ভর্তি সংক্রান্ত তথ্যাদি



- **আবেদনের পদ্ধতি**

  আদ্-দ্বীন ফাউন্ডেশন পরিচালিত নিম্নে উল্লিখিত নার্সিং কলেজ থেকে সরবরাহকৃত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

  **১. ফাতেমা নার্সিং কলেজ,** আদ্-দ্বীন মেডিকেল কলেজ হাসপাতাল সংযুক্ত, ৫ম তলা, ২ বড় মগবাজার, ঢাকা-১২১৭

- **ফরম বিতরণ ঃ** আগ্রহী প্রার্থীকে ফাতেমা নার্সিং কলেজ, ঢাকা থেকে জাতীয় ও স্থানীয় পত্রিকায় প্রকাশিত তারিখ অনুযায়ী অফিস চলাকালীন (সকাল ৮:০০টা হতে দুপুর ১:০০টা এবং বিকাল ৩:০০টা হতে সন্ধ্যা ৫:০০টা পর্যন্ত) নগদ নির্ধারিত টাকার বিনিময়ে (অফেরতযোগ্য) ভর্তি ফরম ও প্রস্তাবিকা (Prospectus) সংগ্রহ করতে হবে। প্রয়োজনে ০১৭১৩-৪৮৮৪৭৭ ফোন নম্বরে যোগাযোগ করতে হবে।

# ভর্তি সংক্রান্ত তথ্যাদি




## ■ ফরম জমা ও সংযুক্তি

আবেদন ফরম স্বহস্তে পূরণ করে পত্রিকায় প্রকাশিত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উল্লিখিত ফরম জমা দিতে হবে।

### পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

১. ভর্তি ফরম ক্রয়ের মুল রশিদ
২. এস.এস.সি. ও এইচ.এস.সি. বা সমমান পরীক্ষার মার্কশীট, মূল সার্টিফিকেট/প্রভিশনাল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি
৩. সদ্য তোলা তিন কপি পাসপোর্ট সাইজের ছবি
৪. স্থায়ী ঠিকানা সম্বলিত স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত ফটোকপি

# ভর্তি সংক্রান্ত তথ্যাদি




■ **নির্বাচন পদ্ধতি**

বিএনএমসি কর্তৃক গৃহীত অভিন্ন ভর্তি পরীক্ষায় সরকার কর্তৃক নির্ধারিত ন্যূনতম স্কোর, মৌখিক ও স্বাস্থ্য পরীক্ষার ভিত্তিতে চূড়ান্তভাবে নির্বাচন করা হবে।

- **মৌখিক পরীক্ষা:** মৌখিক পরীক্ষার সময় এস.এস.সি. এবং এইচ.এস.সি. বা সমমান পরীক্ষা পাশের মূল সনদপত্র এবং ভর্তি পরীক্ষার নম্বরপত্র আনতে হবে।

- **স্বাস্থ্য পরীক্ষা:** চূড়ান্ত বাছাইয়ের জন্য উত্তীর্ণদের আদ্-দ্বীন হাসপাতালের ডাক্তার কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা করা হবে। উল্লেখ্য, গুরুতর স্বাস্থ্য সমস্যা থাকলে সংশ্লিষ্ট প্রার্থী ভর্তির অযোগ্য হিসেবে বিবেচিত হবে। স্বাস্থ্য পরীক্ষা নিজ খরচে করতে হবে।

# ভর্তি সংক্রান্ত তথ্যাদি



## কোর্স ব্যয় সংক্রান্ত তথ্য ঃ

| বিবরণ | বেসিক (৪ বছর) |
|---|---|
| ভর্তি ফি (ভর্তির সময় এককালীন পরিশোধ করতে হবে) | ৬০,০০০ টাকা |
| সেশন ফি | ৯,০০০ x ৪ = ৩৬,০০০ টাকা |
| মাসিক টিউশন ফি ও অন্যান্য খরচ (৪ বছরের জন্য) | ৫,০০০ x ৪৮ = ২,৪০,০০০ টাকা |
| অভ্যন্তরীণ পরীক্ষার ফি | ৫০০ x ৪ = ২০০০ টাকা |
| ল্যাব ফি | বিনামূল্যে |
| কম্পিউটার ল্যাব ফি | বিনামূল্যে |
| সর্বমোট পরিশোধ করতে হবে | ৩,৩৮,০০০ টাকা |

*উপরোক্ত খরচ ছাড়া সরকার অতিরিক্ত কোন ধরনের ফি নির্ধারণ করলে তা ছাত্রীকে বহন করতে হবে।*

# ভর্তি সংক্রান্ত তথ্যাদি



## থাকা, খাওয়া ও অন্যান্য খরচ বাবদ টাকা পরিশোধের নিয়মাবলী

| বিবরণ | বেসিক (৪ বছর) |
|---|---|
| খাওয়া খরচ | ২,৫০০ x ৪৮ = ১,২০,০০০ টাকা |
| আবাসন খরচ | ১,৫০০ x ৪৮ = ৭২,০০০ টাকা |
| ইউনিফর্ম | ছাত্রী বহন করবে |

- দ্রব্যমূল্যের উর্দ্ধগতি হলে খাওয়া খরচ বৃদ্ধি পাবে
- ভর্তির সময় ভর্তি ফি সম্পূর্ণ পরিশোধ করতে হবে। প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে জরিমানা ব্যতিত মাসিক টিউশন ফি পরিশোধ করতে হবে এবং বার্ষিক সেশন ফি জানুয়ারি থেকে মার্চ মাসের মধ্যে পরিশোধ করতে হবে।
- ছাত্রীর কারণে যদি প্রশিক্ষণ মেয়াদ বেড়ে যায় তাহলে প্রতি ছয় মাসের জন্য অতিরিক্ত ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা প্রদান করতে হবে।
- কোর্সের ফিল্ড প্রাকটিস এর জন্য জন প্রতি সর্বোচ্চ ১০০০ (এক হাজার) টাকা প্রদান করতে হবে।
- সার্টিফিকেট/মার্কশীট ছাত্রী নিজ দায়িত্বে ভেরিফিকেশন করবে।
- অভ্যন্তরীণ বার্ষিক পরীক্ষার ফি, রেজিস্ট্রেশন ফি বিএনএমসির নিয়মানুযায়ী প্রদান করতে হবে।
- ছাত্রীদের শারীরিক ও মানসিক উন্নতির সুবিধার্থে ব্যায়ামাগার (জিমনেশিয়াম) ও আধুনিক লাইব্রেরী রয়েছে। জিমনেশিয়াম এ মহিলা ট্রেইনার দ্বারা পরিচালিত আধুনিক যন্ত্রপাতিসহ শরীর চর্চার ব্যবস্থা আছে। ই- লাইব্রেরি, ফটোকপি, কম্পিউটার ল্যাব সহ পৃথক লাইব্রেরির ব্যবস্থা রয়েছে। ব্যায়ামাগার ও লাইব্রেরি **বাবদ বার্ষিক ফি ১০০০ (এক হাজার) টাকা প্রতি বছর সেশন ফি এর সাথে নগদ প্রদান করতে হবে।**
- কোর্স সম্পূর্ণ হওয়ার পূর্বে যদি কোন ছাত্রী চলে যায় তাহলে তাকে কোর্স ব্যয় বাবদ সম্পূর্ণ খরচ দিতে হবে।

# ভর্তি সংক্রান্ত তথ্যাদি



- **কোর্সের ছাত্রীদের ক্ষেত্রে প্রযোজ্য**
  - অস্বচ্ছল ও মেধাবী কোটায় শুধুমাত্র ভর্তি ফি ৩০,০০০ টাকা ভর্তির সময় এককালীন পরিশোধ করতে হবে। এছাড়া সরকারি নীতিমালা অনুযায়ী অন্যান্য খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, পরীক্ষার ফি, মার্কশীট ভেরিফিকেশন ফি, ফিল্ড প্রাকটিস এবং ইউনিফর্ম ইত্যাদি ছাত্রীকে বহন করতে হবে।
- **কোর্স ব্যয় বাবদ টাকা পরিশোধের নিয়মাবলী**
  - ভর্তির সময় ভর্তি ফি সম্পন্ন করতে হবে। প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে মাসিক টিউশন ফি পরিশোধ করতে হবে এবং বার্ষিক সেশন ফি জানুয়ারী থেকে মার্চ মাসের মধ্যে পরিশোধ করতে হবে।
- **থাকা ও খাওয়া বাবদ টাকা পরিশোধের নিয়মাবলী**
  - ছাত্রীদের ক্ষেত্রে সাধারণমানের থাকা ও খাওয়া প্রদানে প্রতিষ্ঠান সহায়তা করবে।

*ছাত্রীর কারণে যদি প্রশিক্ষণ মেয়াদ বেড়ে যায় তাহলে বাড়তি খরচ ছাত্রীকে বহন করতে হবে।*

# ভর্তি সংক্রান্ত তথ্যাদি




## আসন সংখ্যা

| কোটা সমূহ | বেসিক |
|---|---|
| সাধারণ | ৪২ জন |
| দরিদ্র ও মেধাবী | ৩ জন |
| উন্নয়ন কোটা | ৫ জন |
| মোট | ৫০ জন |

## অস্বচ্ছল ও মেধাবী কোটা

নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্বচ্ছল ও মেধাবী কোটায় ভর্তি করা হবে।

| অবশ্য পালনীয় শর্তসমূহ |
|---|
| গ্রামের বাসিন্দা হতে হবে |
| এসএসসি, এইচএসসি বা সমমান পরীক্ষায় কমপক্ষে সর্বমোট জিপিএ ৮ হতে হবে |

| অগ্রাধিকার শর্তসমূহ |
|---|
| শ্রম নির্ভরশীল পরিবারের সন্তান |
| স্বামী পরিত্যক্তা ও বিধবা মায়ের সন্তান |
| আদ্-দ্বীনের সর্বোচ্চ ১৫,০০০ টাকা বেতনভুক্ত কর্মীর সন্তান |
| আদ্-দ্বীনের প্রশিক্ষণপ্রাপ্ত টিবিএ-র মেয়ে |
| আদ্-দ্বীনের উপকারভোগী দরিদ্র পরিবারের মেধাবী ছাত্রী |

# ভর্তি সংক্রান্ত তথ্যাদি




## ■ ভর্তির অন্যান্য বিষয়

- ভর্তির সময় মূল সনদপত্র নার্সিং ইউনিটে জমা দিতে হবে এবং তা প্রশিক্ষণ শেষে বাধ্যতামূলক ইন্টার্নশীপ করার সময় পর্যন্ত নার্সিং ইউনিটে সংরক্ষিত থাকবে।
- ভর্তির ১ মাসের মধ্যে যদি কেউ ছাত্রীত্ব বাতিল করতে চায় সেক্ষেত্রে ভর্তি ফি অফেরতযোগ্য এবং ১ মাস পর যদি কেউ ছাত্রীত্ব বাতিল করতে চায় সেক্ষেত্রে কোর্স ব্যয় বাবদ সম্পূর্ণ টাকা পরিশোধ করে যেতে হবে।
- ভর্তির সময় প্রত্যেক প্রার্থীকে ৩০০ টাকা মূল্যমানের (১০০ টাকার তিনটি) স্ট্যাম্প প্রার্থীর নামে ক্রয় করে জমা দিতে হবে।
- ভর্তির সময় অভিভাবকের ছবি (মা/ বাবা/ আপন ভাই/ আপন বোন) জমা দিতে হবে এবং অভিভাবককে সাথে আনতে হবে।

## ■ পাঠ্যসূচী

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত সিলেবাস ও কারিকুলাম অনুসরণ করা হয় এবং এই পাঠ্যসূচী অনুযায়ী তাত্ত্বিক ও ব্যবহারিক শিক্ষার জন্য ছাত্রীদের নির্ধারিত সময়ে হাসপাতালে কাজ করতে হবে।

# ভর্তি সংক্রান্ত তথ্যাদি




## ■ নির্ধারিত পোশাক

বর্ষ অনুযায়ী তত্ত্বীয়, ব্যবহারিক ও অন্যান্য ক্লাস এবং হাসপাতালে দায়িত্ব পালনের সময় নার্সিং কলেজ কর্তৃক নির্ধারিত পোশাক পরিধান করা বাধ্যতামূলক।

# ভর্তি সংক্রান্ত তথ্যাদি




## ■ প্রশিক্ষণ শেষে সুবিধা

সফলভাবে প্রশিক্ষণ শেষ করার পর আদ্-দ্বীন হাসপাতালের যে কোন শাখায় স্থায়ীভাবে নিয়োগ লাভের সুযোগ রয়েছে। প্রত্যেক ছাত্রীকেই বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারী কাউন্সিল কর্তৃক কোর্স কারিকুলাম অনুযায়ী ৬ মাস ইন্টার্নশীপ বাধ্যতামূলক এবং প্রশিক্ষণ শেষে কমপ্রিহেন্সিভ পরীক্ষার পর এই প্রতিষ্ঠানের নিয়ম অনুযায়ী আরো ১ বছর ইন্টার্নশীপ করতে হবে। ইন্টার্নশীপ-এর শুরু থেকে হাসপাতালের নির্ধারিত স্কেলে বেতন প্রদান করা হবে। উল্লেখ্য, সংস্থার নিয়মানুযায়ী ইন্টার্নশীপ চূড়ান্ত পরীক্ষায় সফলভাবে পাশ করার পর আদ্-দ্বীন হাসপাতালের নিয়ম অনুযায়ী স্থায়ী নিয়োগ, বেতন, প্রভিডেন্ট ফান্ড, গ্রাচ্যুইটি ও উৎসবভাতা ও অন্যান্য সুযোগ সুবিধা পাবেন।

# নীতিমালা ও আচরণবিধি




## সাধারণ নীতিমালা

- সার্টিফিকেট বা মার্কশিটে কোন প্রকার অসামঞ্জস্যতা প্রমাণ হলে তৎক্ষণাৎ ছাত্রীত্ব বাতিল হবে।
- ভর্তির পর বাংলাদেশ নার্সিং কাউন্সিলের নিয়ম-বিধি ও নীতিমালাসহ নার্সিং ইউনিটের নিয়ম-শৃঙ্খলা মেনে চলার অঙ্গীকারনামা দিতে হবে।
- প্রশিক্ষণ চলাকালীন অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত থাকতে পারবে না।
- কোন ছাত্রী ক্রমাগত বিনা অনুমতিতে ৭ দিনের বেশি হোস্টেলে বা ক্লাসে অনুপস্থিত থাকতে পারবে না।
- কোন ছাত্রী বিনা অনুমতিতে হাসপাতালের ওয়ার্ড ডিউটি থেকে বিরত থাকতে পারবে না।
- যদি কোন ছাত্রী কারো সাথে অসৌজন্যমূলক আচরণ করে এবং সেটা যদি প্রতিষ্ঠানের জন্য ক্ষতিকর বলে প্রমাণিত হয় তার ছাত্রত্ব বাতিল করা হতে পারে।
- ১ম বর্ষের চূড়ান্ত পরীক্ষায় কৃতকার্য হতে না পারলে ১ম বর্ষেই থাকতে হবে এবং পরবর্তী ১ম বর্ষের সঙ্গে পরীক্ষা দিতে পারবে।
- ভর্তি পরবর্তী সময় কোনো ছাত্রী বিবাহিত বলে প্রমাণিত হলে তার ছাত্রীত্ব বাতিল হবে।

# নীতিমালা ও আচরণবিধি




## হোস্টেল নীতিমালা

- ছাত্রীর নির্ধারিত অভিভাবক শুধুমাত্র শুক্রবার সকাল ১০ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত যেকোনো সময়ে সাক্ষাৎ করতে পারবেন। জরুরী প্রয়োজন ছাড়া অন্য সময়ে দেখা করতে পারবেন না।
- অভিভাবকদের ছবি (মা/ বাবা/ আপন ভাই/ আপন বোন) ভর্তির সময় নার্সিং ইউনিটের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে।
- ছুটিতে বাড়ি যেতে চাইলে ছবি সম্বলিত উল্লিখিত যেকোনো অভিভাবক নিজ দায়িত্বে নিয়ে যাবেন এবং নার্সিং ইউনিটে পৌঁছে দেবেন।
- ছাত্রীকে শর্তসাপেক্ষে বহিঃপাশ দেয়া হবে। প্রয়োজনে প্রতি শুক্রবার অভিভাবক প্রয়োজনীয় জিনিসপত্র নিজ দায়িত্বে কিনে দিয়ে যাবেন।
- প্রয়োজনে হোস্টেলে বাটন মোবাইল ফোন ব্যবহার করা যাবে। কলেজ ক্যাম্পাসে ফোন গ্রহণযোগ্য নয়, যদি মোবাইল পাওয়া যায় তাহলে ১০,০০০.০০ (দশ হাজার) টাকা জরিমানাসহ মোবাইল বাজেয়াপ্ত করা হবে।
- হোস্টেল কর্তৃক নির্ধারিত সময়ে নাস্তা ও খাওয়া সম্পন্ন করতে হবে।

প্রশিক্ষণের স্বার্থে কর্তৃপক্ষের যেকোনো সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে

# যোগাযোগ

## নার্সিং ইউনিট


**আদ্-দ্বীন উইমেন্স মেডিকেল কলেজ**

২ বড় মগবাজার, ঢাকা-১২১৭, ফোন : ০২৪৮৩১৮৪৮, মোবাইল: ০১৭১৩-৪৮৮৪৭৭

পিএবিএক্স : ০২২২২২২৩৩৪১, ০২২২২২২৩৩৯২,
০২২২২২২৩৩৯৩, ০৯৬১২৩৪৫৬৬৬

e-mail : info@ad-din.org   Website : www.ad-din.org






Human Torso
Human Torso Model
nsparent Torso Model
Height Scale
Arm




Sharifa